



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ অক্টোবর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রামে খনিজ সম্পদ লুণ্ঠনের ষড়যন্ত্র বন্ধের দাবি

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটির কাপ্তাই ও বাঘাইছড়ি উপজেলায় ১ হাজার ৬৪৬ বর্গকিলোমিটার এলাকায় রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বাপেক্সের তেল ও গ্যাস অনুসন্ধানের সিদ্ধান্তে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছে, ‘পার্বত্য চট্টগ্রামের বৃক্ষ সম্পদ নিঃশেষ করার পর দেশের শাসকগোষ্ঠী এখন এখানকার মাটির নীচের খনিজ সম্পদ লুণ্ঠনের ষড়যন্ত্র শুরু করেছে, যা কোন মতেই মেনে নেয়া হবে না।’

আজ ১২ অক্টোবর ২০১৬ বুধবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা পাহাড়ি জনগণের মতামত না নিয়ে একপাক্ষিকভাবে সরকারের তেল-গ্যাস অনুসন্ধানের সিদ্ধান্তের বিরোধিতা করে বলেন, ‘সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সর্বোপরি প্রাকৃতিক পরিবেশের ওপর তেল গ্যাস অনুসন্ধান ও উত্তোলন কার্যক্রমের কীরূপ প্রভাব পড়বে তা আগাম যাচাই না করে এ ধরনের সিদ্ধান্ত সরকারের পাহাড়ি স্বার্থ-বিরোধী নীতিকেই প্রতিফলিত করে।’

ইউপিডিএফ নেতা বাপেক্সের সাথে যুক্তরাষ্ট্র ও চীনের কোন কোম্পানীর পার্বত্য চট্টগ্রামে তেল-গ্যাস অনুসন্ধান ও উত্তোলনের বিষয়ে কী ধরনের চুক্তি হয়েছে তা জনসমক্ষে প্রকাশ করার দাবি জানিয়ে বলেন, ‘পার্বত্য চট্টগ্রামের মানুষ, প্রাকৃতিক পরিবেশ ও জীববৈচিত্র্যের ক্ষতি করে কোন ধরনের তেল গ্যাস অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা হলে জনগণ তার বিরুদ্ধে রুখে দাঁড়াবে। কারণ পার্বত্য চট্টগ্রামের জনগণই হলেন পার্বত্য চট্টগ্রামের প্রাকৃতিক ও খনিজ সম্পদের মালিক।’

অতীতে পার্বত্য চট্টগ্রামের জনগণের মতামত ছাড়া সরকারের হাতে নেয়া তেল গ্যাস অনুসন্ধান কার্যক্রম সফল হয়নি, একই ধরনের প্রচেষ্টা ভবিষ্যতেই সফল হবে না বলে তিনি সরকারকে হুঁশিয়ার করে দেন।

রবি শংকর চাকমা অবিলম্বে পার্বত্য চট্টগ্রামে বাপেক্সের তেল-গ্যাস অনুসন্ধানের সিদ্ধান্ত বাতিলের দাবি জানান এবং একই সাথে পার্বত্য চট্টগ্রামের প্রাকৃতিক ও খনিজ সম্পদ লুণ্ঠনের দেশী বিদেশী চক্রান্তের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।